

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখা
www.shed.gov.bd

এ.পি.এ. টিমের ১১তম সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ হাসানুল ইসলাম এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ	: ৩০ মে ২০২১ খ্রিস্টাব্দ
সময়	: বিকাল ৩.০০ মিনিট।
সভার স্থান	: ভার্চুয়াল সভা

উপস্থিতির তালিকা: ভার্চুয়াল সভা

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি A.P.A. টিমের ফোকাল পয়েন্ট ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে ২৯ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত A.P.A. টিমের ১০ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১১(এগার) মাস প্রায় অতিক্রান্ত। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১১ (এগার) মাসের অগ্রগতি জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ১১ (এগার) মাসের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত এ.পি.এ. ০৭ জুন ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের নির্দেশনা পাওয়া গেছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০২১-২০২২ অর্থবছরের খসড়া এ.পি.এ.'র ফিডব্যাড পাওয়া গেছে। প্রাপ্ত ফিডব্যাক অনুযায়ী চূড়ান্ত এ.পি.এ. প্রস্তুত করার কার্যক্রম চলমান রয়েছে। চূড়ান্ত এ.পি.এ. মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটি ও মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনের নির্দেশনা রয়েছে। পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ১১ (এগার) মাসের অগ্রগতি এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২০২১-২০২২ অর্থবছরের খসড়া এ.পি.এ.'র ফিডব্যাড বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে;
- ৩.২ মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০২১-২০২২ অর্থবছরের খসড়া এ.পি.এ.'র উপর প্রদত্ত ফিডব্যাড অনুযায়ী চূড়ান্ত এ.পি.এ. প্রস্তুত করতে হবে;;
- ৩.৩ চূড়ান্ত এ.পি.এ. মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটি ও মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনের অনুমতি প্রদান করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(মোঃ হাসানুল ইসলাম এনডিসি)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

ও

এ.পি.এ. টিম প্রধান।

স্মারক নং:৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৮.২১-১০৭/১

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মে ২০২১ খ্রিস্টাব্দ

১. অতিরিক্ত সচিব (উচ্চয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. উপসচিব (পরিকল্পনা-২ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (এসডিজি শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬১৫৮
apa.sec@shed.gov.bd